

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
রেডক্রিসেন্ট বোরাক টাওয়ার, লেভেল-০৩
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, রমনা, ঢাকা-১০০০
www.dme.gov.bd

স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৫.০৪.০১৪.১৮- ৪৬

তারিখঃ-১৪.০২.২০১৮ খ্রিঃ।

বিষয়ঃ মহামান্য হাইকোর্টের রিট পিটিশন নং-৩৬৫৭/২০১৫ মামলার আদেশের আলোকে ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চাইরবাড়ীয়া ফাযিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবু তালেবকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও)প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ (১) সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ ২২-০১-২০১৮ খ্রিঃ তারিখের আবেদন।

(২) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের স্মারক নং- ৫৭.০০.০০০০.০০০.০৪.০০১.১৭-৮৬, তারিখঃ ১২.১১.১৭ খ্রিঃ।

(৩) মাদরাসা শিক্ষা অধিদপ্তরের স্মারক নং- ৫৭.২৫.০০০০.০০৪.০৪.০০১.১৭.৪, তারিখঃ ২৬.০৯.১৭ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে জানানো যাচ্ছে যে, ময়মনসিংহ জেলার গফরগাঁও উপজেলাধীন চাইরবাড়ীয়া ফাযিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবু তালেবকে গত ০১-০৩-২০১২ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করা হয় মর্মে আবেদনকারীর আবেদন থেকে জানা যায়।

০২. মহামান্য হাইকোর্ট বিভাগ কর্তৃক প্রদত্ত রিট পিটিশন নং ৩৬৫৭/২০১৫ এর আদেশে নিম্নরূপ নির্দেশনা দেয়া হয়েছে
"Accordingly, we declare that in the absence of any law providing otherwise, no person shall be kept under suspension beyond 60(sixty) days from the date of his/her suspension. If the suspension continues for further period, exceeding 60(sixty) days, then the person suspended shall be entitled to receive full pay, instead of subsistence allowance, till the suspension order/letter ends up in a final order."

০৩. মহামান্য হাইকোর্টের রায়ের আলোকে সূত্রে বর্ণিত স্মারক নং ০২ ও ০৩ অনুযায়ী বেসরকারি কারিগরি ও মাদ্রাসা শিক্ষা প্রতিষ্ঠানের কোন শিক্ষক/কর্মচারীকে ৬০(ষাট) দিনের বেশী সাময়িক বরখাস্ত রাখা হলে তিনি পূর্ণ বেতন (এমপিও) ও অন্যান্য ভাতা সমূহ প্রাপ্য হবেন মর্মে নির্দেশনা জারী করা হয়েছে।


০৪. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবু তালেব কর্তৃক উপস্থাপিত কাগজ পত্র পর্যালোচনায় দেখা যায় যে, তাঁকে (জনাব মোঃ আবু তালেব) ০১-০৩-২০১২ খ্রিঃ তারিখে সাময়িক বরখাস্ত করায় তাঁর সাময়িক বরখাস্তের মেয়াদ ৬০(ষাট) দিনের বেশী হয়েছে বিধায় অধ্যক্ষ হিসেবে জনাব মোঃ আবু তালেব তাঁর পদের পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী পাওয়ার আইনগত অধিকারী।

০৫. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে আরো জানা যায় যে, তাঁর (জনাব মোঃ আবু তালেব) বিরুদ্ধে একটি ফৌজদারী মামলা চলমান আছে। উক্ত মামলায় তিনি বর্তমানে জামিনে আছেন। সাময়িক বরখাস্ত অবস্থায় তিনি খোরপোষ ভাতা পাচ্ছেন মর্মে তাঁর আবেদন থেকে জানা যায়।

০৬. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবু তালেব কর্তৃক উপস্থাপিত রেকর্ড পত্র থেকে জানা যায় যে, মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুসরণক্রমে মাদরাসায় যোগদান এবং পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদানে মাদরাসার গভর্নিং বডি'র সভাপতি ও ভারপ্রাপ্ত অধ্যক্ষ মহামান্য হাইকোর্টের নির্দেশনা অনুযায়ী তাঁকে এ যাবৎ সাময়িক বরখাস্ত প্রত্যাহারক্রমে যোগদান প্রদান পূর্বক পূর্ণ বেতন ভাতাদি (এমপিও) প্রদান করছেন না।

০৭. সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবু তালেবকে পূর্ণ বেতন ভাতাদি(এমপিও) প্রদান না করা মহামান্য হাইকোর্টের নির্দেশনার সুস্পষ্ট লংঘন।

০৮. এমতাবস্থায় উপরে বর্ণিত অনুচ্ছেদ সমূহের আলোকে চাইরবাড়ীয়া ফাযিল মাদরাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মোঃ আবু তালেবকে মহামান্য হাইকোর্টের নির্দেশনা মোতাবেক স্ব-পদে(অধ্যক্ষ) যোগদান পূর্বক তাঁর পূর্ণাঙ্গ বেতন-ভাতাদি(এমপিও) প্রদানের নিমিত্ত প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করে এ অধিদপ্তরকে অবহিতের জন্য মহোদয়কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। ব্যর্থতায় আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।


(মোঃ ফরিদ আহমেদ)

সহকারী পরিচালক (অডিট ও আইন)
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

অধ্যক্ষ (ভারপ্রাপ্ত)

চাইরবাড়ীয়া ফাযিল মাদরাসা

পাগলা, উপজেলা:-গফরগাঁও, জেলা:-ময়মনসিংহ।

অনুলিপি (সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে):

১. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, পরিবহন পুলভবন(৯ম তলা), সচিবালয় লিংক রোড, ঢাকা।
২. জেলা প্রশাসক, ময়মনসিংহ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, গফরগাঁও, জেলা:-ময়মনসিংহ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৪. জেলা শিক্ষা অফিসার, ময়মনসিংহ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৫. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, গফরগাঁও, জেলা:-ময়মনসিংহ (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৬. সভাপতি, গভর্নিং বডি, চাইরবাড়ীয়া ফাযিল মাদরাসা, পাগলা, উপজেলা:-গফরগাঁও, জেলা:-ময়মনসিংহ। (নির্দেশনা বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো)।
৭. অফিস কপি।